গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
www.unofulbaria.mymensingh.gov.bd

স্মারক নং - ০৫.৪৫.৬১২০.৪০১.৫৫.০১৯.২০- ৪৩০ তারিখঃ ২২ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ। ০৫ মে ২০২২ খ্রিষ্টাব্দ।

## নোটিশ

১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় ফুলবাড়ীয়া উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় কমিটির সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ফুলবাড়ীয়া উপজেলার উন্নয়ন সমন্বয় কমিটির সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। সম্মানিত সদস্যগণকে নিম্নোক্ত ছক মোতাবেক গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির সুনির্দিষ্ট তথ্য এবং আলাদাভাবে তাঁর বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদন সুস্পষ্টভাবে আগামী ০৮/০৫/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|
| | | |

সভার আলোচ্য সূচি :

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।

২। বিভিন্ন বিভাগ থেকে প্রাপ্ত উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদনের উপর আলোচনা।

৩। আন্তঃ বিভাগীয় সমস্যাদির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৪। তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

৫। বিবিধ।

০৫/০৫/২০২২

মোহাম্মদ নাহিদুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
ফোন-০৯০২৩৭৩০০১
ই-মেইল- unofulbaria@mopa.gov.bd

.................................................................

(সকল সদস্য), ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'লঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫১-ময়মনসিংহ-৬, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৪। ভাইস-চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ কার্যালয়

ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

**ফুলবাড়ীয়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

তারিখ : ১২/০৫/২০২২খ্রিঃ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (পরিশিষ্ট-'ক')

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোনো ঈষৎ সংশোধনীসহ তা গৃহিত ও অনুমোদিত হয়। অত:পর গত সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং বিভিন্ন বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্বাস্থ্য বিভাগের সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান, করোনার ২য় ডোস ৭০% এ উন্নীত অদ্যাবধি হয় নি। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কে টিকা কার্যক্রম বেগবান করতে সহযোগীতা কামনা করেন। সরকারি বরাদ্দ থেকে টিকা কার্ড সরবরাহে বন্ধ আছে। এই শিশু টিকা কার্ড উপজেলা পরিষদ থেকে পদানের অনুরোধ জানানো হয়। করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | আলোচনান্তে স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার/সকল বিভাগীয় প্রধান /সকল ইউপি চেয়ারম্যান। |
| ২ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান, ২০২১-২২ অর্থ বছরে ভাওয়াল বিল ও কালসিনা বিলে এ মাসের শেষে সপ্তাহে মাছের রেণু কোপ জাতীয় মাছ দেওয়া হবে। প্রতি বিল নার্সারীতে ১.৫ কাপ রেণু দেওয় হবে। এছাড়া ভাওয়াল বিলের অভয়াশ্রম স্থাপনের জন্য উপকরণ ক্রয়ের প্রাক্কলন করে এ মাসের শেষে দিকে বাস্তবায়নে যাওয়া যেতে পারে। তার বিভাগের সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৩ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তার বিভাগের সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান, চলতি মাসে কৃত্তিম প্রজনন ১০৬৫টি, উন্নত জাতের বাছুর উৎপাদন ৬৮৫টি, গবাদি পশুর টিকাদন ১৯০০টি, হাঁস-মুরগীর টিকা ১০০৬০০টি, গবাদি পশুর চিকিৎসা ১৯৮৯ টি, হাঁস-মুরগীর চিকিৎসা ২২৩৯৫টি, টিকা ও কৃত্রিম প্রজনন থেকে রাজস্ব আদায় ৫১৩৭০/- । আসন্ন ঈদুল আযাহা উপলক্ষ্যে খামারীরা কতটি গবাদিপশু হৃস্টপুস্ট করছেন তার তালিকার কাজ চলমান আছে। খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে যেন, তারা গবাদিপশুকে স্টেরয়েড না খাওয়ানো। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। প্রাণিসম্পদ বিভাগকে আরো গতিশীল করার জন্য সকলের সার্বিক সহযোগীতা কামন করছি। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান আউশ লক্ষমাত্রা ৩০১০ হেঃ আউশ আবাদ বৃদ্ধির জন্য মাঠ কার্যক্রম চলমান রয়েছে'। বোরো কর্তন হার ৮৫% । উপজেলার উচু ও মাধারী উচু জমিতে সরিষা আবাদ বৃদ্ধির জন্য আগামী আমন মৌসুম থেকে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষে কৃষক গ্রুপ গুলোকে উঠান বৈঠক ও মাঠ দিবসের মাধ্যমে আমন মৌসুমে স্বল্প জীবন কালের জাত ব্রি ধান ৭১ ও ব্রি ধান ৭৫ আবাদ করে সরিষা আবাদের জন্য কৃষকদের পরামর্শ দেওয়া হচ্ছে। কৃষক পর্যায়ে গ্রীষ্মকালীন পিয়াজ আবাদের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উপজেলায় পর্যাপ্ত সার মজুদ রয়েছে। তাছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম নিয়ম অনুসারে চলমান রয়েছে। | আলোচনান্তে কৃষি বিভাগের কার্যক্রমের সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | প্রকৌশল বিভাগ | চলতি বছরের এডিপি'র টেন্ডার কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়েছে। এছাড়া, এলজিইডি'র আওতাধীন রাস্তাসমূহের নিকটে পুকুর খনন বিধিসম্মতভাবে করার হচ্ছে কী না তা মনিটরিং এর জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি আহবান জানান। | আলোচনান্তে এলজিইডি বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ, এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো (কাবিটা) কার্যক্রমের আওতায় উপজেলা পরিষদ বিত্তিক ২১,৮৭,২৩০ টাকা ও ২৯.১৩২৭ মেঃ টালের চাল বরাদ্দ পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ এর ৩য় পর্যায়েরর ১৭২০৯০৮ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত টাকা ও চাল বিতরণ সহ তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদেরকে পত্র দেওয়া হয়েছে। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান রয়েছে। | আলোচনান্তে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি আরো জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুনামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুনামেন্ট-২০২২ ইউনিয়ন পর্যায় থেকে শুরু হয়ে উপজেলা পর্যায়ে ২৩ জুনের মধ্যে সম্পন্ন করার নির্দেশ রয়েছে। আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২২ আগামী ০৪/০৬/২২ খ্রিঃ তারিখে হতে ০৭/০৬/২২ তারিখের মধ্যে শেষ করার নির্দেশনা রয়েছে। তিনি তাঁর বিভাগের কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি সভায় জানান যে, সক্ষম দম্পতি ৮৮,৩২২ জন মোট গ্রহণকারী ৭০,২০৯ জন, পদ্ধতি গ্রহণকারীর হার(সিএআর) ৭৯.৪৯% মোট গর্ভবতী ৩০২০জন,আইইউডি ২৬জন,ইমপ্লানন ২১ জন,ইনজেকশন ১২৪৫জন,খাবার বড়ি ৩২৩৩৩ চক্র , কনডম ২০৭৭০পিস,সাধারণ ডেলিভারী ৭০জন, প্রশিক্ষণ প্রাপ্ত ডেলিভারী ১৭১ জন,স্বাভাবিক ৭২ জন,সিজারিয়ান ৩৩ জন এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হ য়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ৯ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান এপ্রিল/২২ খ্রিঃ পর্যন্ত চলতি অর্থবছরে ঋণ বিতণ হয় ২৬৪০০০০/-টাকা। ২০২১-২২ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে ১৪ ব্যাচ এর ৩০ জন করে ৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ১৩টি ব্যাচে ৩৯০ জনের বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান রয়েছে। | আলোচনান্তে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয় ২৮৯ টি। এ থেকে সরকারী রাজস্ব বাবদ ৪৯৪৩০/- এবং রাজস্ব ১০% এর ৫৬৬০/- টাকা। সুবিধা সঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পে ২,৪০,০০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। ফেব্রুয়ারি মাসে আদায় ২,৯৩,২০০/- তাই খেলাপী উপজেলা প্রশাসন সহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আলোচনান্তে সমবায় বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহে 2021-22 অর্থ বছরের ৪র্থ কিস্তর 41,500 জন ভাতাভোগীর মাঝে পেরোল প্রদান করা হয়েছে। 2021-22 অর্থ বছরের ৩য় কিস্তির ক্যান্সার/কিডনি/ লিভার সিরোসিস/ স্ট্রোকে প্যারাইলজড/ জন্মগত হৃদরোগ/ থ্যাসেমিয়ায় আক্রান্ত রোগীদের মধ্যে হতে 24 জনকে 50000 টাকা এককালিন অনুদান করা হয়েছে। মে-2022 মাসে অত্র উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে 300জন কে সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ করা হয়েছে। মে-2022 মাসে অত্র উপজেলায় হতদরিদ্র ব্যক্তিরদের মাঝে 300000 টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। | আলোচনান্তে সমাজসেবা বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান বিআরডিবি অফিস হতে উপজেলায় আরডি-২ এর মাধ্যমে ১৯৮৫-১৯৮৬ খ্রিঃ সালে জোড়াবাড়ী ০৩ টি দ্বিতল ভবন নির্মাণ হয় । যার ভাড়া আদায় উপজেলা পরিষদ করে আসছে। উক্ত ভাড়ার ১০% উপজেলা পরিষদের রক্ষণাবেক্ষণ ব্যয় ও বাকী ৯০% বিআরডিবিএর পরিশোধের সিদ্ধান্ত থাকলেও অদ্যাবধি পরিশোধ করা হয়নি। ১৯৮৬ সাল হতে ২০২২ সাল পর্যন্ত ৩৬ বছরে ৩৫ লক্ষ টাকা উপজেলা পরিষদে জমা | আলোচনান্তে সমবায় বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আছে। উক্ত টাকা বিআরডিবিকে হস্তান্তর করার জন্য অনুরোধ করেন। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের ওয়াটসান কমিটির বরাদ্দকৃত টিউবওয়েলের স্থান তালিকা অদ্যাবধি পাওয়া যায় নাই। আগামী ৩০/০৬/২২ তারিখের মধ্যে উক্ত কাজ সমূহ সমাপ্ত করার ডেডলাইন রয়েছে। ৩০/০৬/২২ তারিখের পরে চলমান প্রকল্পের সকল বরাদ্দ বাতিল হয়ে যাবে। উল্লিখিত পকল্পের ইউনিয়র পর্যায়ে কমিউনিটি ভিত্তিক মিনি পাইপলাইন প্রকল্পের আওতায় প্রতি ১০ টি পরিবারে ১ টি মিনি পাইপ লাইন প্রকল্পের উপজেলা বরাদ্দকৃত ১৮ টি পানির উৎসের মধ্যে ওয়াটসান কমিটির বরাদ্দকৃত একটি স্থান তালিকা চূড়ান্ত করণের জন্য সকলের সহযোগীতা প্রত্যাশা করছি। তিনি তাঁর বিভাগের কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ এবং জনস্বাস্থ্য বিভাগ |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন।তিনি জানান আগামী জুন/২২ হতে আইডিএ নতুন প্রশিক্ষণার্থী ভর্তি চলবে। ভিজিডির কার্যক্রম যেন প্রতি মাসে চাল ৩০ তারিখের মধ্যে বিতরণ করা হয় এ বিষয়ে সম্মানিত চেয়ারম্যানদের অনুরোধ জানানো হলো। এছাড়াও বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন বন্ধের কার্যক্রম চলমান। একই সাথে তিনি ইউনিয়ন পর্যায়ে বাল্য বিবাহ প্রতিরোধে নিয়মিত সভা ও তার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে সমবায় বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | চেয়ারম্যান, নাওগাঁও ইউপি | চেয়ারম্যান, নাওগাঁও ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। কেশরগঞ্জ বাজারে ড্রেইন এবং সেড নির্মাণের জন্য আহবান জানান। ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, নাওগাঁও ইউপি, উপজেলা চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল। |
| ১৬ | চেয়ারম্যান, পুটিজানা ইউপি | চেয়ারম্যান, পুটিজানা ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন।বরুকা বাজার হয়ে দশমাইল বাজার পর্যন্ত রাস্তা সংস্কার প্রয়োজন। দাখিল মদ্রাসা একাডেমিক ভবন নির্মাণের জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদের এখন পর্যন্ত যথোপযুক্ত স্থানে ইউনিয়ন পরিষদের জমি না থাকায় এখন পর্যন্ত কম্পেক্স ভবন করা সম্ভব হয় নাই। ইউনিয়নের মধ্যবর্তী স্থানে বারবার জমি সংগ্রহের চেষ্টায় ব্যর্থ হয়েছে কিন্তু ইউনিয়ন পরিষদের নামে দাওসা মৌজায় ৩৭ শতক জমি চূড়ান্ত ভাবে বিআরএস রেকর্ডে লিপিবধ্য আছে। বর্তমানে উক্ত জমির উপর ইউনিয়নের ০১ টি প্রাক্তন পাকাঘর আছে যে খানে ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালিত হয়ে আসতেছে। নতুন ভবন নির্মান অত্যন্ত জরুরি বিধায় উক্ত স্থানে নতুন ভবন নির্মাণের প্রস্তাব করেন। শিবগঞ্জ উচ্চ বিদ্যালয়ের গাইড ওয়াল নির্মাণ করা প্রয়োজন তা না হলে মাঠ ভেঙ্গে নদীতে ধ্বসে যাবে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়ন পরিষদের ভবনের জন্য কোথাও কোন জমি না থাকায় উক্ত ইউনিয়নের নিজস্ব জমির উপর ভবন নির্মানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, পুটিজানা ইউপি, উপজেলা চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | চেয়ারম্যান, কুশমাইল ইউপি | চেয়ারম্যান, কুশমাইল ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তিনি জানান আমতলি হতে যে রাস্তাটি গেছে সেটা ময়নার বাজার হতে বেলতলি বাজারের মাঝ খানে একটি কালভার্ডের প্রস্তাব দেন। ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, কুশমাইল ইউপি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | চেয়ারম্যান, বালিয়ান ইউপি | চেয়ারম্যান, বালিয়ান ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। ইউনিয়র স্বাস্থ্য কম্পেক্স এবং কৃষি অফিসারে সিমানা প্রাচীর নির্মাণ প্রয়োজন। নওদার খালের উপর অনেক উচু করে ব্রিজ করা হয়েছিল বিধায় এখানে গাইড ওয়াল করা প্রয়োজন। ছাইতান তল হতে বালাশ্বর গ্রামে যাওয়ার পথে ০১ টি ব্রিজ বিশেষ প্রয়োজন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, উপজেলা প্রকৌশলী/পিআইও চেয়ারম্যান, বালিয়ান ইউপি ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | চেয়ারম্যান, দেওখোলা ইউপি | চেয়ারম্যান, দেওখোলা ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন।দেওখোলা বাজার হতে হরিকৃষ্ণ স্কুল পর্যন্ত রাস্তা দ্রুত সংস্কার করার জন্য এবং দেওখোলা বাজারের হাইরোডের দুই পাশে ড্রেনের ব্যবস্থা হলে রাস্তাটি ঠিক থাকবে। রাস্তার দুই পাশে আগাছাপূর্ণ স্থানে অপ্রীতিকর ঘটনা ঘটে কেটে ফেলার জন্য অনুরোধ জানানো হয়। এখানেও দেওখোলা বাজারে সরকারি ভাবে গনসৌচাগার নির্মাণ করার জন্য অনুরোধ জানানো হয়। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, দেওখোলা ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২০ | চেয়ারম্যান, ফুলবাড়ীয়া ইউপি | চেয়ারম্যান, ফুলবাড়ীয়া ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তিনি জানান চৌদার চাঁদপুর ব্রিজের কাজ যেন দ্রুত বাস্তবায়ন করানো হয় সেই বিষয়ে সংশ্লিষ্ট দের সুদৃষ্টি কামনা করছি। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, ফুলবাড়ীয়া ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২১ | চেয়ারম্যান, বাক্তা ইউপি | চেয়ারম্যান, বাক্তা ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন।বাক্তা বাজার হতে কেশরগঞ্জ বাজার পর্যন্ত রাস্তা সংস্কারের জন্য অনুরোধ জানানা হলো। ফুলবাড়ীয়া বাজারে একটি বাইপাস রাস্তা বানানোর জন্য অনুরোধ জানানো হয়। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, বাক্তা ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২২ | চেয়ারম্যান, রাঙ্গামাটিয়া ইউপি | চেয়ারম্যান, রাঙ্গামাটিয়া ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তিনি জানান শিক্ষা প্রতিষ্ঠানের অনেক উন্নয়ন হয়েছে বলে জানান। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, রাঙ্গামাটিয়া ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২৩ | চেয়ারম্যান, এনায়েতপুর ইউপি | চেয়ারম্যান, এনায়েতপুর ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, এনায়েতপুর ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২৪ | চেয়ারম্যান, কালাদহ ইউপি | চেয়ারম্যান, কালাদহ ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। ইউনিয়র পরিষদের বাউন্ডারি ওয়াল নির্মাণ করা প্রয়োজন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, কালাদহ ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২৫ | চেয়ারম্যান, রাধাকানাই ইউপি | চেয়ারম্যান, রাধাকানাই ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন ধুরধুরিয়া বাজারে কোন সেড ঘর নেই। সরকারি জায়গায় আগে মাছের বাজার এবং সবজির বাজারের জন্য একটি সেড ঘর প্রয়োজন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, রাধাকানাই ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২৬ | চেয়ারম্যান, আছিম পাটুলী ইউপি | চেয়ারম্যান, আছিম পাটুলী ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, রাধাকানাই ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২৭ | চেয়ারম্যান, ভবানীপুর ইউপি | চেয়ারম্যান, ভবানীপুর ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন।তার ইউনিয়নে কান্দানিয়া বাজারে কোন সৌচাগার নেই, ড্রেইন ও সেটঘর এবং জরুরি ভিত্তিতে সৌচাগার নির্মাণ প্রয়োজন। কমিউনিটি ক্লিনিক ঘরটি ভেঙ্গে গেছে, ঘরটি মেরামত করার জন্য অনুরোধ করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, চেয়ারম্যান, ভবানীপুর ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২৮ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা প্রদান করে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি বলেন নালী খালের উপর একটি সুইচ গেইট অথবা বক্স কালভার্ড নির্মাণ ও পাঁচকাহনিয়া গভীর নলকূপ হইতে সরকার বাড়ী জামে মসজিদ হয়ে বাকতা | উপজেলার সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ডে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এবং সকল বিভাগীয় কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক্লিনিক ভাঙ্গা অবস্থায় আছে সে গুলো মেরামতের জন্য অনুরোধ করেন। | | |
| | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা প্রদান করে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। সকল ইউপি চেয়ারম্যানদের করোনা ভাইরাসের ত্রাণ সহায়তা তালিকা সুষ্ঠভাবে করার জন্য অনুরোধ জানান। এছাড়া, প্রাকৃতিক ও প্রযুক্তিগত কারণে চলমান বিদ্যুৎ বিভ্রাটের আশু প্রতিকার সম্পর্কে আলোচনার জন্য আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিজিএম পল্লী বিদ্যুৎ মহোদয়ের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। | উপজেলার সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ডে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এবং সকল বিভাগীয় কর্মকর্তা। |
| ৩০ | মেয়র ফুলবাড়ীয়া পৌরসভা | মেয়র, ফুলবাড়ীয়া পৌরসভা, ফুলবাড়ীয়া, সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা প্রদান করে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। ফুলবাড়ীয়া চৌদারের রাস্তা হতে আখালিয়া হাসপাতাল রোডের মাঝে একটি ব্রিজ এর প্রয়োজন। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান রয়েছে। | তার দপ্তরের সার্বিক কার্যক্রমের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র ফুলবাড়ীয়া পৌরসভা এবং সকল বিভাগীয় কর্মকর্তা। |
| ৩১ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভায় কমিউনিটি ক্লিনিক মেরামতের জন্য এডিপিতে প্রস্তাব করা প্রয়োজন। উপজেলা পর্যায়ে সমন্বিত উন্নয়ন পরিকল্পনা দাখিল করার জন্য প্রতিটি দপ্তর প্রধানকে অনুরোধ জানানো হয়। তিনি সভায় জানান যে, উপজেলা পরিষদের সকল দপ্তরের কর্মকর্তাদের সার্বিক উন্নয়নমূলক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে উপজেলার সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ৩২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া উপজেলার সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে সালাম ও ধন্যবাদ জানান। তিনি বলেন দূর্যোগপূর্ণ যে কয়টি রাস্তা আছে সেগুলো বর্ষার আগে দ্রুত মেরামতের জন্য অনুরোধ জানানো হয়। তিনি উপজেলার সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ডে সকলের সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ৩৩ | মাননীয় সংসদ সদস্য | মাননীয় সংসদ সদস্য ১৫১, ময়মনসিংহ-৬, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ সভা শেষে সকল দপ্তরের কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়া বর্তমান সরকারের প্রতিশ্রুতি শতভাগ বাস্তবায়নে সকল সরকারি দপ্তর ও অংশী প্রতিষ্ঠানসমূহকে সচেষ্ট হতে নির্দেশ দেন। এছাড়াও তিনি জানান-<br>১) জনস্বার্থে দ্রুততার সাথে কেশরগঞ্জ বাজারে ড্রেন ও সেড নির্মাণ করা প্রয়োজন। এছাড়াও বাজারের ব্যাপকতা বৃদ্ধির স্বার্থে সরকারি জমি পুনরুদ্ধার করা প্রয়োজন।<br>২) মাননীয় প্রধানমন্ত্রীর 'আমার শহর আমার গ্রাম' উদ্যোগটির যথাযথ বাস্তবায়নে সরকারি গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ উপজেলা শহর থেকে মফস্বল শহরে স্থানান্তরের জন্য প্রস্তাব দেয়ার জন্য বলা যায়।<br>৩) প্রাকৃতিক ও প্রযুক্তিগত কারণে চলমান বিদ্যুৎ বিভ্রাট ও আশু প্রতিকার সম্পর্কে আলোচনার জন্য আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিজিএম পল্লী বিদ্যুৎ উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৪) চলমান প্রাকৃতিক দূর্যোগে দ্রুত ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করে সংশ্লিষ্ট সরকারি দপ্তর এবং ইউনিয়ন পরিষদকে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়।<br>৫) সরকারের সকল ফলপ্রসু কার্যক্রম দীর্ঘস্থায়ী করতে আইন শৃঙ্খলা বজায় রাখা অত্যন্ত প্রয়োজন। এ প্রেক্ষাপটে উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিবিড় পর্যবেক্ষণে রাখতে উপস্থিত সকলকে নির্দেশনা দেন।<br>৬) সরকারের গৃহীত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মকান্ড সমূহ স্বচ্ছতার সাথে শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হতে নির্দেশ দেন। | আলোচনান্তে মাননীয় সংসদ সদস্যের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ২১/৫/২২
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১২০.০১০.০৬.০০১.২১-[illegible](৫০)

তারিখ ঃ ১২/০৫/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫১-ময়মনসিংহ-৬, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মেয়র/চেয়ারম্যান ........................................................ পৌরসভা/ সকল ইউঃপিঃ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। উপজেলা ........................................................................................ অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৩। ............................................................................................................ ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

১১/০৫/২২

মোহাম্মদ নাহিদুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
ই-মেইল-unofulbaria@mopa.gov.bd

০২/০৫/২০২২



| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান ১নং নাওগাঁও ইউনিয়ন পরিষদ | [signature] |
| 02 | চেয়ারম্যান ২নং পুটিজানা ইউনিয়ন পরিষদ | [signature] |
| ০৩ | চেয়ারম্যান ৩নং কুশমাইল ইউনিয়ন পরিষদ | [signature] |
| ০৪ | চেয়ারম্যান ৪নং বালিয়ান ইউনিয়ন পরিষদ | [signature] |
| ০৫ | চেয়ারম্যান ৫নং দেওখোলা ইউনিয়ন পরিষদ | [signature] |
| ০৬ | চেয়ারম্যান ৬নং ফুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ | [signature] |
| ০৭ | চেয়ারম্যান ৭নং বাক্তা ইউনিয়ন পরিষদ | [signature] |
| ০৮. | চেয়ারম্যান. ৮নং রাঙ্গামাটিয়া ইউনিয়ন পরিষদ | [signature] |
| ০৯ | চেয়ারম্যান ৯নং এনায়েতপুর ইউনিয়ন পরিষদ | [signature] |
| ১০. | চেয়ারম্যান ১০নং কালাদহ ইউনিয়ন পরিষদ | |
| ১১ | চেয়ারম্যান ১১নং রাধাকানাই ইউনিয়ন পরিষদ | [signature] |
| ১২ | চেয়ারম্যান ১২নং আছিম পাটুলী ইউনিয়ন পরিষদ | |
| ১৩ | চেয়ারম্যান ১৩নং ভবানীপুর ইউনিয়ন পরিষদ | [signature] |

১২/০৫/২০২২

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ীয়া | |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ফুলবাড়ীয়া | |
| ০৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা-ফুলবাড়ীয়া | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ীয়া | |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার-ফুলবাড়ীয়া | ১২.০৫.২০২২ |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া | |
| ০৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-ফুলবাড়ীয়া | |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ফুলবাড়ীয়া | |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ীয়া | |
| ১২ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ীয়া | |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ীয়া | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-ফুলবাড়ীয়া | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-ফুলবাড়ীয়া | |